

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫২৩

কুমারঘাট, ১০ অক্টোবর, ২০২৪

কৈলাসহরে মনু নদীর উপর নবনির্মিত
ড. শ্যামাপ্রসাদ মুখার্জি সেতুর উদ্বোধন



মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ সকালে উনকোটি জেলার ছনতৈলে মনু নদীর উপর নবনির্মিত ড. শ্যামাপ্রসাদ মুখার্জি সেতুর উদ্বোধন করেন। দুর্গাপূজার মহাসপ্তমিতে উনকোটি জেলা সফরে এসে মুখ্যমন্ত্রী এদিন কৈলাসহরের দুর্গাপুরে ২০০ শয্যা বিশিষ্ট যুব আবাসেরও শিলান্যাস করেন। ছনতৈলে মনু নদীর উপর নবনির্মিত ড. শ্যামাপ্রসাদ মুখার্জি সেতুর উদ্বোধনের ফলে উনকোটি জেলা সদর কৈলাসহরের সাথে যোগাযোগ ব্যবস্থা আরও সুগম হয়েছে। এই সেতু নির্মাণে ব্যয় হয়েছে ১৫ কোটি ৪৬ লক্ষ ১৯ হাজার ৪২৪ টাকা। সেতুটির দৈর্ঘ্য ১৬৭ মিটার। সেতুটি নির্মাণ করেছে রাজ্যের পূর্ত দপ্তরের সড়ক ও সেতু শাখা। উল্লেখ্য, ২০২০ সালের জুন মাসে এই সেতু নির্মাণের কাজ শুরু হয়েছিল। কৈলাসহরের দুর্গাপুরে যে যুব আবাসের শিলান্যাস হয়েছে তা নির্মাণ করবে ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগম লিমিটেড। যুব আবাসটি নির্মাণে ব্যয় হবে ১২.৩৫ কোটি।

নবনির্মিত সেতুর উদ্বোধন ও যুব আবাসের শিলান্যাসের সময় উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিঙ্কু রায়, উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস, চন্ডিপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সম্পা দাস পাল, কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়, ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগম লিমিটেডের চেয়ারম্যান নবাদল বণিক, উনকোটি জেলার জেলাশাসক দিলীপ কুমার চাকমা, পুলিশ সুপার কান্তা জাঙ্গির, কৈলাসহর মহকুমার মহকুমা শাসক প্রদীপ সরকার প্রমুখ।
